বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট

ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

নং- বিএসআরআই/এন-১/২০২৫/৭১৫ তারিখ- ০৮/১২/২০২৫ খ্রি.

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), ঈশ্বরদী, পাবনা এর রাজস্বখাতের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে অনলাইন (Online)-এ https://bsri.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

ক্রমিক নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা (টি)	বয়স	'বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯' অনুযায়ী নিয়োগ যোগ্যতা
১.	বৈজ্ঞানিক সহকারী ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২)	১০	সর্বোচ্চ ৩২ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগের যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; অথবা (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হইতে কৃষি ডিপ্লোমা

বি:দ্র: বিগত ২৫/০৮/২০২৩ তারিখে দৈনিক সমকাল এবং The New Nation পত্রিকায় প্রকাশিত ২৪/০৮/২০২৩ তারিখের বিএসআরআই/এন-১/২০২৩/৪৭৯নং নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই এবং তাদের প্রার্থীতা বহাল থাকবে।

অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

১। আবেদনকারীর বয়স ০৮/১২/২০২৫ তারিখে ৩২ বছরের মধ্যে থাকতে হবে। বিএসআরআই রাজস্বখাতে চাকরিতে নিয়োজিত আছেন এইরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত আবেদনকারীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে।

৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৬। সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

৭। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত প্রমাণক/সনদপত্রের মূল কপি/সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) সঙ্গে আনতে হবে :

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
খ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান কোটার প্রার্থীগণকে আবেদন পত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে;
চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র;
ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
জ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রদত্ত সনদপত্র;
ঝ) তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
ঞ) Online-এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's copy);
ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্র;

৮। আবেদনকারীর পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের স্থায়ী নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না।

১০। চাকরির আবেদন ফর্মে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায়, চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

১১। কোন ধরনের তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

১৩। বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর Website: www.bsri.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নিয়োগযোগ্য পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১৬। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে https://bsri.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৮/১২/২০২৫ খ্রি. সকাল ১০:০০ টা।
ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮/১২/২০২৫ খ্রি. বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়, বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১৮/- (আঠার) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১৬৮.০০ (একশত আটষট্টি) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। এছাড়া, অনগ্রসর নাগরিকদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬.০০ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রথম SMS: BSRI<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **BSRI ABCDEF**

- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BSRI<Space> Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BSRI<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **BSRI YES 12345678**

- Reply: Congratulations Applicant's Name, payment completed Successfully for BSRI Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https:// bsri.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Psssword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে:

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. **User ID জানা থাকলে:** BSRI<space>Help<space>User ID & Send to 16222.

Example: **BSRI Help User ABCDEF** & send to 16222.

II. **PIN Number জানা থাকলে:** BSRI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: **BSRI Help PIN 12345678** & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর Website: www.bsri.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bsri.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা bsri@bsri.gov.bd ইমেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেইজবুক পেজ http://facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Email এর subject-এ Organization Name: BSRI Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. **ডিক্লারেশন :**
প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ প্রদান করা হলো।**

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর টেলিটক পোর্টালে প্রবেশ এর OR Code

০৮/১২/২৫
(ড. মো. নূরে আলম সিদ্দিকী)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
এবং
সদস্য-সচিব, বিএসআরআই পদোন্নতি/নিয়োগ কমিটি-২

GD-2675

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

www.mod.gov.bd

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ)-এর জন্য নিম্নবর্ণিত ১০ম গ্রেডভুক্ত অসামরিক শূন্য পদসমূহ নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://bof.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	০৮ জানুয়ারি ২০২৬ তারিখে সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১.	উপসহকারী প্রকৌশলী ১৬০০০-৩৮৬৪০ (১০ম গ্রেড)	১৩টি	১৮ হতে ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর।	কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/অটোমোবাইল/উড ওয়ার্ক/রিফ্রিজারেশন/ইলেকট্রনিক্স কম্পিউটার/ম্যাটালর্জি/কেমিক্যাল/ড্রাফটসম্যনশীপ বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা।

অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

১. প্রার্থীর বয়সসীমা ০৮ জানুয়ারি ২০২৬ তারিখে (দরখাস্ত জমাদানের শেষ তারিখে) ৪নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

২. চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে;

৩. প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূলকপি;
(খ) পূরণকৃত Online Application Form ও Admit Card সহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ০১ (এক) সেট ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
(গ) নিজ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রশাসক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রসহ অন্যান্য কাগজপত্র;
(ঙ) আবেদনকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(চ) আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী বা তৃতীয় লিঙ্গের হলে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;
(ছ) চাকরিরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি; এবং
(জ) বৈধ জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ-এর মূলকপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১(এক) কপি ফটোকপি দাখিল করতে হবে;

৪. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**
(ক) আগ্রহী প্রার্থীগণ Online Application Portal (http://bof.teletalk.com.bd)-এ প্রবেশ করে নির্ধারিত ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী Online Application Portal-এ পাওয়া যাবে।
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ০৯:০০টা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮ জানুয়ারি ২০২৬ তারিখ বিকাল ০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোনো Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;
(খ) আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB থেকে হবে;
(গ) **যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** আবেদনকারী যদি কোনো ভুল বা অসত্য তথ্য দাখিল করে বা তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল করা হবে;
(ঘ) **প্রার্থী কর্তৃক** Online -এ পূরণকৃত **আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করতে হবে;**
(ঙ) **SMS প্রেরণ এবং পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করতঃ আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **পরীক্ষার ফি বাবদ ২২৩/- টাকা এবং অনগ্রসর নাগরিক ৫৬/-** টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না";**

প্রথম SMS: BOF<space> USER ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BOF ABCDEF

Reply: Applicant's Name, Tk..... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BOF< space > YES < space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BOF< space >YES< space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BOF YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BOF Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://bof.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;**
(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিতে হবে। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;
(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;
(i) User ID জানা থাকলে BOF< space >Help< space>User< space>User ID & Send to 16222.
Example: BOF Help User ABCDEF & send to 16222
(ii) PIN Number জানা থাকলে BOF< space >Help< space>PIN< space>PIN No & Send to 16222.
Example: BOF Help PIN 12345678 & send to 16222.
(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ এ অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করতে হবে;
(ঞ) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd এবং www.bof.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

৫. 'বিভাগীয় প্রার্থী' অর্থ এরূপ কর্মচারী যিনি বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ এর অধীনে নিয়োগপ্রাপ্ত;

৬. এই নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮. প্রত্যেক প্রার্থীকে অবশ্যই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা Online Application Form-এ উল্লেখ করতে হবে;

৯. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধিত হলে অনুসরণ করা হবে;

১০. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণ কোনো প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

১১. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে থাকেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক দণ্ডিত হয়ে থাকেন কিংবা কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, স্বশাসিত ও সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না এবং

১২. এই নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০/১২/২০২৫
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি

GD-2674